গাংনীতে পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘পাট শিল্পের অবদান, স্মার্ট বাংলাদেশ বিনির্মান’ এবং ‘ সোনালী আঁশে সোনার দেশ, পরিবেশ বান্ধব বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে দিনব্যাপি পাট বীজ চাষী প্রশিক্ষণ-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় এই পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

বুধবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের যৌথ আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে পাট চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নিবার্হী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পাট বীজ চাষী প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন।

এসময় শুভেচ্ছা বক্তব্যে পাট অধিদপ্তরের মেহেরপুর জেলা কর্মকর্তা এ কে হারুন অর রশীদ পাট চাষ ও পাট চাষ সম্প্রসারণ নিয়ে আলোচনা করেন।

পরে গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন ট্রেইনার হিসেবে পাট চাষ নিয়ে আলোচনা করেন। তিনি পাটের জাত নিবার্চন, জমি প্রস্তুত করণ, জৈব সার ও রাসায়নিক সারের প্রয়োজনীয়তা ও পরিমান এবং কার্যকারিতা, পাটের রোগ নির্ণয় ও প্রতিকার, ক্ষতিকর পোকা চিহ্নিতকরণ, বালাইনাশক বা কীটনাশক ব্যবহার নিয়ে ব্যাপক আলোচনা করেন।

প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে ৪০ জন চাষী অংশগ্রহন করেন।

গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বেলা ১২টায় গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা সাবেক অতিরিক্ত সচিব আওয়ামী লীগের কেন্দ্রীয় মুক্তিযোদ্ধা বিষয়ক উপ-কমিটির সদস্য ড.আশরাফুল ইসলাম।

মুক্তিযোদ্ধারা বলেন,বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্র নায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ উন্নত কারণে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের নৌকার পক্ষ থেকে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।

সাবেক সহকারী কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফের সঞ্চালনায় এ সময় বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান, আব্দুল জলিল ও ইদ্রিস আলী বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত।

গাংনীতে মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভার আয়োজন করা হয়েছে।

উক্ত পরামর্শ সভা পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান।

এ সময় চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারন রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ

মেহেরপুর গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে সংস্থার প্রশিক্ষণ খামারে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে সংস্থাটি।
উত্তম ব্যবস্থাপনায় অফ-ফ্লেভার মুক্ত পাঙ্গাস ও তেলাপিয়া মাছ চাষ প্রদর্শনীর জন্য তেরাইল, জোড়পুকুরিয়া ও কাষ্টাদহ গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে পাঙ্গাস ও তেলাপিয়া মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনী ও মুজিবনগরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ ও চুরির অভিযোগে ১ জন গ্রেফতার হয়েছে। এছাড়া গাংনী থানা পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতে পুলিশের পৃথক পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

রাজনৈতিক দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধ মিথ্যাচার করছে একটি মহল – এম এ খালেক

রাজনীতির দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে একটি মহল। সামনে নির্বাচনকে কেন্দ্র করে আমার জনপ্রিয়তা নষ্ট করার পাঁয়তারা করছে মহলটি। আমার বিরুদ্ধে কারা কারা ষড়যন্ত্র করছে আমি তা জেনে ফেলেছি। আমি ওইসব ষড়যন্ত্রকারীদের রুখে দিয়ে সামনে এগিয়ে

যাব, এমনটাই বলছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

গতকাল সোমবার বিকেলে তিনি তার নবনির্মিত মাছের খাবার তৈরি কারখানায় এক প্রতিবাদ সভায় তিনি এসব কথা বলেন।

এমে খালেক বলেন, ফেসবুক পেইজে ফেক আইডিতে ষড়যন্ত্রমূলক অপপ্রচার ছড়িয়ে দিয়ে আমার বিরুদ্ধে বলানো হচ্ছে। গাংনী পৌর সভার ৯ নম্বর ওয়ার্ডের তার নিজস্ব দুই বিঘা জমিতে মাছের খামার ফ্যাক্টরি নির্মান কাজের স্থান পরিদর্শন কালে তিনি জমি নিয়ে চযালেন্জ করেন। তিনি বলেন,যদি একটুকরো জমি সরকারের বা অন্য মালিকের প্রমান করতে পারেন তবে, আমি রাজনীতি ছেড়ে দেব।

এসময় গাংনী পৌ আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু,সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির হোসেন,গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, শ্রমিক নেতা মনিরুল ইসলাম মনি,জেলা ছাত্র লীগের সাবেক সহ সভাপতি শাহাদুজ্জামান শিপুসহ আওয়ামীগ,ছাত্র লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক তার দুই বিঘা জমির ওপর একটি মাছের খাদ্য উৎপাদন কারখানা মির্মাণ করছেন। রেজিষ্ট্রেশন সহ নানা রকম সরকারের নিয়ম মেনে বছর খানেক আগে কাজ শুরু হয়। বিম ঢালায় পর্যন্ত কাজ চলমান। এসময় তার পাশের একটি জমি মালিকের অনুমোদিত সাপেক্ষে লিজ নিয়ে সমান করছিল। এসময় গাংনী পৌরসভার ৯ মম্বর ওয়ার্ড কাউন্সিলে রাশিদুল ইসলাম খোকন গিয়ে এমএ খালেকের স্কেবিটর চালকে মারধর করে। পরে গাংনী পৌরসভা মেয়র আহম্মেদ আলীকে বিচার করার অমুরোধ জানালে মেয়র আহম্মেদ আলী বিচার করেনি। পরে আইনের আশ্রয় নেয় স্কেবিটর চালক।

এদিকে রাশিদুল ইসলাম খোকন এমএ খালেক কে নিয়ে ফেসবুকে ভূমিদস্যু আখ্যায়িত করে মান হানিকর মনগড়া নামা মন্তব্য লিখে এমএ খালেকের মামহানি করা হয়। এতে ক্ষিপ্ত হয়ে ওঠে আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মীরা। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় প্রতিবাদ জানানো হয়।

অন্যদিকে শ্রমিক মির্যাতনের বিচার চেয়ে ব্রিফিং করেন গাংমী শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির উদ্দিন ও মনিরুল ইসলাম মনি।

গাংনীতে ট্রাকের ধাক্কায় একজন নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনীতে ট্রাকের ধাক্কায় আতিয়ার রহমান
(৪০) নামের এক মোটরসাইকেল আরোহি নিহত হয়েছেন।

নিহত আতিয়ার রহমান গাংনী পৌর এলাকার পশ্চিম মালসাদহ গ্রামের টেপিপাড়ার আব্দুল আজিজের ছেলে।

সোমবার মাগরিব এর সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উত্তরপাড়ার তেঁতুলতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, আতিয়ার মোটরসাইকেল চড়ে নিজ বাড়ি থেকে গাংনী খানকাহ শরিফ মসজিদে নামাজ পড়তে যাচ্ছিলেন। তিনি গাংনী শহরে ঢুকতেই তেঁতুলতলা নামক স্থানে পৌঁছালে, সড়কের পাশে রাখা পাথরের উপর বাইসাইকেলের চাকা উঠে রাস্তার উপর পড়ে যায়।

এসময় পিছন দিক থেকে আসা একটি প্লাস্টিকবাহী ট্রাক তাকে ধাক্কা দেয়। ওই ধাক্কায় তিনি ঘটনাস্থলেই নিহত হন।
গাংনী থানার তদন্ত ওসি মনোজিৎ নন্দি এই তথ্য নিশ্চিত করেন। নিহতের মরদেহ থানা পুলিশ উদ্ধার করেছে

গাংনীর ছেলে ওসি মোস্তাফিজুর খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত

এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা, বিভিন্ন স্থানে সাড়াসী অভিযান, মাদক স্পট নির্মূল, সন্ত্রাসী কর্মকান্ড বন্ধে ব্যাপক কর্মতৎপরতা, অপরাধ প্রবণতা বন্ধ, এলাকার চিহিৃত সন্ত্রাস, চোর, ডাকাত,

ছিনতাইকারী, মাদক ব্যবসায়ী, ভুমিদস্যুসহ অপরাধীদের ধরে আইনের আওতায় এনে জেল হাজতে প্রেরণ সহ নানা কারনে খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত হয়েছেন কলারোয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মোস্তাফিজুর রহমান। ওসি মোস্তাফিজুর রহমান মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের ছেলে।

থানার অফিসার ইনচার্জের এর নেতৃত্বে কলারোয়া পৌরসদর সহ উপজেলার ১২টি ইউনিয়ন ও সীমান্ত এলাকায় অপরাধ প্রবণতা বন্ধের ব্যাপক অভিযান পরিচালনা করেন। ফলে অপরাধ ও মামলার সংখ্যা পূর্বের তুলনায় অর্ধেক নেমে এসেছে। তার নির্দেশে বিভিন্ন স্থানে পুলিশ সদস্যরা স্পেশাল টিম গঠন করে অভিযান পরিচালনা করে এসব অপরাধ প্রবনতা কমিয়ে এনেছে।

আইন শৃংখলা রক্ষায় ওসি মোস্তাফিজুর রহমান ইতিমধ্যে খুলনা বিভাগের শ্রেষ্ট ওসি নির্বাচিত হয়ে ক্রেষ্ট ও সনদপত্র গ্রহন করেছেন। এছাড়া কয়েক বার জেলার মধ্যে শ্রেষ্ট ওসি ও থানা নির্বাচিত হয়েছেন।

গাংনীতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ

পিকেএসএফ-এর অর্থায়নে ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহযোগিতায় সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ১০ জন সদস্যর মাঝে ‘‘ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

এ সময় সদশ্যদের রাত্রি কালীন ঘর নির্মাণ বাবদ নগদ টাকা,ঘাসের কাটিং, ইউরিয়া মোলাসেস ও কেঁচো সার তৈরীর উপকরণ বিতরণ করা হয়। পরে সদস্যদের সাথে প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্য ও উদ্দেশ্য এবং গরু মোটাতাজা করণের উপকারিতা সংক্রান্ত বিষয় নিয়ে পরামর্শ প্রদান ও বিস্তারিত আলোচনা করা হয়।

২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক সহায়তায় পল্লী কর্ম -সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) বাস্তবায়ন করে।

সরকারের উন্নয়ন তৃণমুল পর্যায়ে পর্যন্ত পৌছে গেছে -এমপি খোকন

রাস্তা-ঘাট, ব্রীজ কালভার্ট, স্কুল কলেজ, মাদ্রাসার বহুতল ভবন নির্মাণ, গাংনী উপজেলার প্রশাসনিক ভবন, সাব রেজিস্ট্রার ভবন, মসজিদ নির্মাণ, নদী খনন থেকে শুরু করে বিধবা ভাতা, বয়স্ক ভাতা, শিশু ভাতা সব কিছুর উন্নয়ন হয়েছে। সাংবাদিকদের উচিৎ সরকারের উন্নয়নগুলো তুলে ধরা। তিনি বলেন সাংবাতিকতায় দল মতবাদ থাকতে পারে। কিন্তু দেশের উন্নয়নের ক্ষেত্রে চিত্রটি তুলে ধরা উচিৎ।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময়কালে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদ বিশ্বাস পচু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসু্জ্জামান মঙ্গল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল সাজু, মাসুদ রানা প্রমুখ। এসময় গাংনী

উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন।

এমপি সাহিদুজ্জামান খোকন আরও বলেন, আমি এমপি হওয়ার আগে গাংনী উপজেলার শিক্ষার উন্নয়নে কাজ করতে চেয়েছি। আমার স্বপ্ন ছিল প্রত্যন্ত গ্রামে বসবাস করে আমাদের ছেলে মেয়েরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হবে। এমন স্বপ্ন থেকে মহান জাতীয় সংসদে একাধিকবার বিশ্ববিদ্যালয় দাবী করেছি। মাননীয় প্রধান মন্ত্রী আমাদের জেলাতে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছেন। মেহেরপুর-কুষ্টিয়া সড়ক নির্মাণ ফোর লেনসহ বারবার দাবী করেছি প্রধানমন্ত্রী আমাদের মেহেরপুর-কুষ্টিয়া সড়কটি ফোর লেনসহ অনুমোদন দিয়েছেন। যা এখন চলমান রয়েছে। যেসব এলাকার রাস্তা-ঘাটে কাঁদায় চলাচল করা যেতো না সেইসব রাস্তাগুলি এখন পাকা রাস্তায় পরিণত হয়েছে। মানুষ স্বচ্ছন্দে চলাচল করছে। এলাকার উন্নয়নের পাশাপাশি আইন শৃংখলার প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে। এখন গোয়ালের গরু পাহারা দেওয়া লাগেনা। রাতে কৃষকরা তাদের গোঁয়ালে গরু রেখে আরামে ঘুমাতে পারেন।

এমপি খোকন আরও বলেন, ব্যবসায়ীরা এই সরকারের আমলে আরামে ব্যবসা বানিজ্য পরিচালনা করছেন। কেউ তাদের কাছে গিয়ে চাঁদা দাবী করেনা। জোর জুলুম বা মাস্তানী নেই। এই উপজেলার মানুষ এখন রাজনৈতিক হানাহানি থেকে মুক্ত রয়েছেন।